



সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত

জনাব মোহাম্মদ আলমগীর ১০ ডিসেম্বর ১৯৭৭ সালে চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার ডোংরা গ্রামের মোহছেন আলীর বাড়ীতে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা ফরিদ আহমদ মাতা আমেনা বেগম। বাড়ির পাশে মধ্য ডোংরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাঁর প্রাথমিক শিক্ষা সম্পন্ন হয়। তিনি পশ্চিম বাঁশখালী উচ্চ বিদ্যালয় হতে ১৯৯৩ সালে এস.এস.সি এবং চট্টগ্রাম সরকারি কর্মস কলেজ হতে ১৯৯৫ সালে এইচ.এস.সি পাশ করেন। অতঃপর তিনি ভর্তি হন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগে। এ বিভাগ হতে তিনি বি.বি.এ (অর্নাস) ও এম.বি.এ ডিগ্রী অর্জন করেন। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (BPSC) কর্তৃক গৃহিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন সমাজসেবা অধিদফতরে নিয়োগের সুপারিশ প্রাপ্ত হন। ২০ জুলাই ২০০৫ তারিখ তিনি সরকারি শিশু পরিবার (বালিকা), চরনোয়াবাদ, ভোলায় উপতত্ত্বাবধায়ক পদে ১ম যোগদানের মাধ্যমে সরকারি চাকুরী জীবন শুরু করেন। বদলি হয়ে ০৮/০৮/২০১২ হতে ০১/০২/২০১৭ পর্যন্ত সমাজসেবা অফিসার পদে হাসপাতাল সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রামে দায়িত্ব পালনের পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব হিসেবে উপজেলা সমাজসেবা অফিস, সীতাকুণ্ড, চট্টগ্রামে উপজেলা সমাজসেবা অফিসার পদের দায়িত্বও পালন করেন। ০২/০২/২০১৭ হতে ২০/০৭/২০১৭ পর্যন্ত উপজেলা সমাজসেবা অফিস, লোহাগাড়া, চট্টগ্রাম ও ২০/০৭/২০১৭ হতে ১৯/০৫/২০১৯ পর্যন্ত উপজেলা সমাজসেবা অফিস, বাঁশখালী, চট্টগ্রামে উপজেলা সমাজসেবা অফিসার পদে কর্মরত ছিলেন। বিগত ১৯/০৫/২০১৯ তারিখ হতে অদ্যবধি সরকারি শিশু পরিবার (বালক), ফরহাদাবাদ, হাটহাজারী, চট্টগ্রামের উপতত্ত্বাবধায়ক পদের দায়িত্ব এবং যুগপৎ ভাবে অতিরিক্ত দায়িত্ব হিসেবে মহিলা ও শিশু-কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন (সেফ হোম), ফরহাদাবাদ, হাটহাজারী, চট্টগ্রামের উপতত্ত্বাবধায়ক পদের দায়িত্বও নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছেন। কর্মজীবনে তিনি বিভিন্ন প্রশিক্ষণ, সভা, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। তাঁর স্ত্রী উম্মে কুলসুম পোস্তারপাড় আছমা খাতুন সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডবলমুরিং, চট্টগ্রামে সহকারী শিক্ষক পদে কর্মরত। আলিয়া ফারজিন আরিশা ও আলবিনা ফারজিন আরিবা নামে তাঁদের দু'কন্যা সন্তান রয়েছে।

ফেসবুক আইডি লিংক : <https://www.facebook.com/alamgir.mohammedalamgir>